১৮

আজকের কাগজ

তারিখ 27 JUL 1993
পৃষ্ঠা ৭ কলাম ২

আচরণ বিধি ঃ

# চ. বি. কর্তৃপক্ষ ছাত্র সংগঠন গুলোর পরামর্শ চেয়েছে

চট্টগ্রাম অফিস ঃ গতকাল (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সর্বদলীয় ছাত্রঐক্য ও ছাত্র শিবির মিছিল করেছে। এ মিছিলের ফলে দেড় বছর আগে প্রণীত আচরণবিধি অকার্যকর হয়ে পড়লো। মিছিলের উদ্দেশ্য ছিলো মূলতঃ ক্যাম্পাসে শক্তি প্রদর্শনের "নীরব মহড়া"। কর্তৃপক্ষ নিরাপত্তা রক্ষীদের সতর্কাবস্থায় রেখেছে। সর্বদলীয় ছাত্রঐক্য ও ছাত্র শিবির যখন মিছিল করে তখন ছাত্রছাত্রীদের মধ্যে স্নায়ুচাপ লক্ষ্য করা যায়। সকাল ১০টা থেকে ১১-৩০ পর্যন্ত উভয় সংগঠনের নেতা-কর্মিরা টান টান উত্তেজনায় থাকে। এ সময় প্রক্টর আবুল কাসেম ও শিক্ষক সিন্ডিকেট সদস্যরা সম্ভাব্য অপ্রীতির ঘটনা এড়াতে বিশেষ ভূমিকা পালন করে। এ প্রতিবেদকের এক প্রশ্নের উত্তরে প্রক্টর বলেন, "আমরা আচরণবিধি প্রত্যাহার করার জন্যে সকল সংগঠনের ঐকমত্য চাই। সন্ত্রাসমুক্ত ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকান্ড চলবে এটা আমাদের প্রত্যাশা। আমরা সেই সুস্থ সুন্দর দিনটির অপেক্ষায় আছি।"

সংশ্লিষ্ট সূত্র জানায়, কর্তৃপক্ষ আচরণবিধি তুলে নেয়ার জন্যে ছাত্র সংগঠনসমূহের কাছ থেকে লিখিত পরামর্শ আহ্বান করেছে। ইতিমধ্যে সর্বদলীয় ছাত্রঐক্য ও ছাত্র শিবির তাদের মতামত ও পরামর্শ লিখিতভাবে জানিয়েছে। কিন্তু ছাত্রদল জানায়নি।